

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে দুই প্রক্সি পরীক্ষার্থীর দণ্ড ভর্তির ফল ১৮ ডিসেম্বর

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে চার দিনব্যাপী বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ছয়টি ইউনিটের ভর্তি পরীক্ষা গত বৃহস্পতিবার শেষ হয়েছে। ভর্তি পরীক্ষার ফল আগামী ১৮ ডিসেম্বর প্রকাশ করা হবে। এদিকে গত বৃহস্পতিবার বিকেল ৪টায় অনুষ্ঠিত 'ই' ইউনিটের শেষ শিফটের পরীক্ষায় অসৎ উপায় অবলম্বনের দায়ে দুই শিক্ষার্থীকে কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। কারাদণ্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার মাহমুদুল ইসলামের ছেলে শহিদুল ইসলাম ও মাদারীপুর জেলার শরীয়তপুর উপজেলার সঞ্জিত মণ্ডল। একজনের উত্তরপত্র অন্যজন পূরণ করার দায়ে দায়িত্বরত শিক্ষক তাদের ভ্রাম্যমাণ আদালতে সোপর্দ করেন। পরে ভ্রাম্যমাণ আদালতে দায়িত্বরত রংপুর সদরের সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী মেজিস্ট্রেট মো. ফাউজুল কবীর শহিদুল ইসলামকে ১৫ দিন ও সঞ্জিত মণ্ডলকে ৩ দিনের কারাদণ্ড দেন। ভর্তি পরীক্ষা শেষে সার্বিক বিষয়ে জ্ঞানতে চাইলে উপাচার্য প্রফেসর ড. একেএম নূর নবী বলেন, আমরা ভর্তি পরীক্ষা সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে পেরেছি। এবারের ভর্তি পরীক্ষা নিরাপত্তার মধ্য দিয়ে সুশৃঙ্খলভাবে শেষ হয়েছে। কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এ সময় ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ সবাইকে ধন্যবাদ জানান উপাচার্য। এদিকে ৫ দিন পর পরীক্ষা শেষে গত বৃহস্পতিবার সন্ধ্যায় জনসাধারণের জন্য ক্যাম্পাস উন্মুক্ত করা হয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রচারণা শাহীনুর রহমান। শুক্রবার সকাল ৯টা থেকে সবকটি হল খুলে দেয়া হয়েছে। উল্লেখ্য, এ বছর ভর্তি পরীক্ষায় ছয়টি অনুষদভুক্ত ২১টি বিভাগে মোট ১২০০ আসনে ছাত্রছাত্রী ভর্তি নেয়া হবে। গত ৬ ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত এ ভর্তি পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়।